

# PAVENewsletter

Peace Ambassadors' Response to COVID-19 Outbreak

সংকটকালীন সময়ে রামুর ডাক্তার ও স্বাস্থ্য কর্মীদের মধ্যে পি পি ই বিতরণ করেন পিএফজি সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জনাব সোহেল সরওয়ার কাজল। - মুহাম্মদ আব্দুর রব খাঁন, কক্সবাজার।

করোনা মহামারীর এই দুঃসময়ে হাসপাতালের ডাক্তার ও স্বাস্থ্য কর্মীদের মধ্যে পি পি ই বিতরণ করেন কক্সবাজারের রামু উপজেলার সম্মানিত পিএফজি সদস্য, রামু উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জনাব সোহেল সরওয়ার কাজল। এ সময় জনাব কাজল বলেন, ডাক্তাররা হলেন করোনা যুদ্ধের সম্মুখ যোদ্ধা। এই যোদ্ধাদের ফিট রাখার জন্য আমাদের সকলের সম্মিলিত প্রচেষ্টা থাকা দরকার। কেননা অনেক সময় সরকারের একার পক্ষে তাদেরকে সকল সুবিধা দেওয়া সম্ভব হয়না। তাছাড়া সংকট কালীন সময়ে ডাক্তার ও

করোনা মুক্ত গ্রাম গড়ার শপথ নিলেন চারঘাটের সারদাহ ইউনিয়নের ইয়ুথ এ্যাম্বাসেডররা। - মাসুম রাসেল, রাজশাহী।



'সবাই মিলে শপথ করি করোনা ভাইরাস মুক্ত গ্রাম গড়ি' এই শ্লোগানকে সামনে রেখে গত ১৭ মার্চ ২০২০ থেকে ৪ এপ্রিল ২০২০ পর্যন্ত চারঘাট উপজেলার সারদাহ ইউনিয়নে নভেল করোনা ভাইরাস প্রতিরোধে সারদাহ ইউনিয়ন ইয়ুথ এ্যাম্বাসেডর ইউনিট নানামুখী উদ্যোগ গ্রহণ করে। তাদের এই কার্যক্রমে সার্বিক সহযোগিতা করে দি হাজার প্রজেক্ট বাংলাদেশ ও সারদাহ ইউনিয়ন পরিষদ। তাদের এই কার্যক্রমের অংশ হিসেবে উক্ত ইউনিয়নের জনগণের মধ্যে ৭০০ কপি সচেতনতামূলক লিফলেট, ২০০ টি মাস্ক, ৩০ টি সাবান এবং ২০ টি হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়। অন্যদিকে উক্ত ইউনিয়নের ১২ টি গ্রামে করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে নিয়মিত মাইকিং করা হয় এবং ৮ টি গ্রামে নিয়মিত জীবাণুনাশক স্প্রে করা হয়। উক্ত প্রচারণা কার্যক্রম উদ্বোধন করেন অত্র ইউনিয়নের চেয়ারম্যান মোঃ মতিউর রহমান মধু। এই প্রচারণার মাধ্যমে অনুমানিক ১০০০ জন সাধারণ মানুষকে করোনা ভাইরাস থেকে প্রতিকারের উপায় সম্পর্কে ধারণা প্রদান করা সম্ভব হয়েছে। উল্লেখ্য, কোভিড -১৯ প্রতিরোধে সারদাহ ইউনিটে প্রায় ১২ জন ইয়ুথ এ্যাম্বাসেডর নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন এবং তারা উক্ত ইউনিয়নের করোনা ভাইরাস প্রতিরোধ কমিটিকে সার্বিক সহযোগিতা করছেন।

স্বাস্থ্য কর্মীদের শারীরিক ও মানসিক নিরাপত্তা নিশ্চিত না হলে করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসা কার্য ব্যাহত হবে। এ বিষয়গুলো বিবেচনা করে রামু উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে ডাক্তারদের মধ্যে পি পি ই বিতরণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন রামু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সম্মানিত পিস এ্যাম্বাসেডর জনাব সামশুল আলম মন্ডল এবং সাংগঠনিক সম্পাদক ও পিএফজি সদস্য জনাব ইউনুস রানা চৌধুরী।